গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কাহারোল, দিনাজপুর

# সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১৫/০৯/২০২২ খ্রি:।
সময়: দুপুর ১২:৩০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির অগ্রগতি বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন দপ্তরের চলমান কার্যক্রম পর্যালোচনা।
৪। বিবিধ ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২৫/০৮/২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। তিনি বিশ্বব্যাপী করোনা সংক্রমনের হার আবারও বৃদ্ধি পাচ্ছে, বাংলাদেশেও ব্যতিক্রম নয়। তাই করোনা পরিস্থিতি মোকাবেলায় সচেতনতা ও মাস্ক পরিধানের কোন বিকল্প নেই বলে তিনি জানান। সকলকে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।<br>২। সকলকে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য ও এ বিষয়ে জণসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, মেসার্স খান এন্টারপ্রাইজ বিসিআইসি সার ডিলারের বিক্রয়কেন্দ্র কামোর হাট হতে দক্ষিণ মহেশপুর সাধুর বাজারে স্থানান্তর করার বিষয়ে প্রস্তাব দেওয়া হয়। এছাড়া কৃষি উপকরণ সহায়তা কৃষি কার্ড এর মাধ্যমে এম.ও.পি সার বিতরণের জন্য সুপারিশ করেন।<br>আগামী ১৮/০৯/২০২২ খ্রি: তারিখে খরিপ-২/২০২২-২০২৩ মৌসুমে ৪০ জন চাষীর মাঝে মাসকলাই বীজ ও সার প্রণোদনা কর্মসূচির আওতায় বিতরণ করা হবে।<br>তিনি জানান, সার বিতরণের ক্ষেত্রে খুচরা সার ডিলারের মাধ্যমেও সার বিতরণ করা যেতে পারে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১) বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>২) সারের যাতে কৃত্রিম সংকট সৃষ্টির কোন অপচেষ্টা কেউ না করতে পারে, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, গবাদি পশুর বিভিন্ন ভাইরাস জনিত রোগ সংক্রমন বিষয়ে জনসচেতনতা চলমান রয়েছে। তিনি ইউ,পি চেয়ারম্যানদের সহযোগিতায় ভূয়া ভেটেরিনারী চিকিৎসক কর্তৃক প্রাণি চিকিৎসা বন্ধের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি গবাদি পশুর চিকিৎসায় | ভাইরাসজনিত গবাদিপশুর বিভিন্ন রোগ প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের পাশাপাশি বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | এন্টিবায়োটিক ব্যবহারের ভবিষ্যৎ বিপদ সম্পর্কে সভায় অবহিত করেন এবং গবাদি পশুর চিকিৎসায় এন্টিবায়োটিক ব্যবহার বর্জনের আহবান জানান। কেউ আইন অমান্য করলে মোবাইল কোর্টের আওতায় শাস্তি প্রদানের অনুরোধ জানান। | করা হয়। | |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কাহারোল |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বিদ্যালয় পর্যায়ে শিশুদের আনন্দমুখর ও নিরাপদ পরিবেশ সৃষ্টিতে কার্যক্রম চলমান। শিশুদের শিখন ঘাটতি পূরণে গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৩ সালে শিক্ষা বিস্তরণের জন্য ৬ষ্ঠ-৭ম শ্রেনির জন্য শিক্ষকদের বিষয়ভিত্তিক ট্রেনিং এবং অনলাইন রেজিষ্ট্রেশন কাজ চলছে। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, এসএসসি পরীক্ষা চলমান রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিয়ে বেসলাইন সার্ভে চলমান রয়েছে। এছাড়া এনএসএ নিয়ে একাডেমিক সভা মাঠ পর্যায়ে চলমান রয়েছে। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, আগস্ট/২২ মাসে | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য | উপজেলা যুব |

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | জনাব শেখ কামাল এঁর জন্মদিন ও জাতীয় শোক দিবস উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর কাহারোল উপজেলা কার্যালয় হতে ১৩ জন যুব ও যুব মহিলাকে ৬,৬০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান, বর্তমান আমন মৌসূমে মোট ১৫৭টি গভীর নলকূপ ব্যবহৃত হচ্ছে। ভূ-গর্ভস্থ ইউ,পি,ভি,সি পাইপ লাইন বর্ধিতকরণ কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান আসন্ন দুর্গাপূজা/২০২২ উপলক্ষে পূজা মন্ডপে আইন শৃঙ্খলা রক্ষার জন্য নিয়োজিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে সদস্য হালনাগাদ কার্যক্রম আরম্ভ করা হয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নেই। | আসন্ন দুর্গোৎসবে আইন-শৃঙ্খলা সুষ্ঠুভাবে রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ সহ বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সমিতির সকল সদস্যের নিয়মিতভাবে কিস্তি পরিশোধের পর পুনরায় ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানাজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল সভায় জানান, লোডশেডিং এর কারণে কিছুটা সমস্যার সৃষ্টি হচ্ছে। লোডশেডিং এর কারণে যেন কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা পরিসংখ্যান |

| | | | |
|---|---|---|---|
| অফিস | | করা হয়। | অফিসার |
| ২৭। তথ্যসেবা কর্মকর্তা | তথ্যসেবা কর্মকর্তা, কাহারোল সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২৮। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ২৯। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩০। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ অব্যাহত আছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-১ | <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ</u><br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কাহারোল উপজেলায় ৮টি প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। এছাড়া অবকাঠামো খাতে গৃহীত প্রকল্প কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। | অবকাঠামো খাতে গৃহীত প্রকল্পের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| বিবিধ-২ | <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রকল্পের বিলঃ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ৫ম পর্যায়ে কাহারোল উপজেলার অনুমোদিত উন্নয়নমূলক উপ-প্রকল্প নং- INF-2020-21-552756-01 (প্রকল্পের নামঃ কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম স্থাপন প্রকল্প) এর নির্বাচিত ঠিকাদার মেসার্স আলম এন্টারপ্রাইজ, মনিরামপুর, দাউদপুর-৫২৮১, নবাবগঞ্জ, দিনাজপুর কর্তৃক কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি সম্পন্ন করেছেন এবং এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কর্তৃক নকশা, পরিকল্পনা এবং স্পেসিফিকেশন মোতাবেক সুষ্ঠুভাবে সম্পন্নকরণ সংক্রান্ত প্রত্যয়ন পত্র পাওয়া গেছে। উক্ত কাজের ঠিকাদার কর্তৃক নিম্নবর্ণিতভাবে বিল দাখিল করা হয়েছে। (নিচের সারণি দেখুন) | ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ৫ম পর্যায়ে কাহারোল উপজেলার অনুমোদিত উন্নয়নমূলক উপ-প্রকল্প নং- INF-2020-21-552756-01 (প্রকল্পের নামঃ কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম স্থাপন প্রকল্প) এর নির্বাচিত ঠিকাদার মেসার্স আলম এন্টারপ্রাইজ, মনিরামপুর, দাউদপুর-৫২৮১, নবাবগঞ্জ, দিনাজপুর কর্তৃক কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করায় তার বরাবরে বিলের অর্থ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল ও উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল। |

| উপজেলা, জেলা | প্যাকেজ নং | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (ভ্যাট ও আয়করসহ) (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কাহারোল, দিনাজপুর | e-Tender/ UGDP/DIN/ KHA/INF-2020-2021-552756-01 | ১৪,৪৬,২৭৪/- | ১৩,৫৪,৬২৭/- |

| পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ (টাকা) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা) | ভ্যাটের পরিমাণ (টাকা) | আয়করের পরিমাণ | ভ্যাট ও আয়কর সহ মোট বিল (টাকা) | |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১১,১২,৩৯০/- | ১,০১,৫৯৮/- | ৪০,৬৩৯/- | ১৩,৫৪,৬২৭/- | |

বিস্তারিত আলোচনায় পার্শ্ববর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<table>
<tr>
<td>বিবিধ-৩</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৫/০৮/২০২২ হতে ১৪/০৯/২০২২ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>বিবরণ নিম্নরুপ:<br>
<table>
<tr><th>ক্র:</th><th>ব্যয়ের বিবরণ</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>১/৯/২০২২-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট/২০২২ মাসের সম্মানী ভাতা প্রদান</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>১/০৯/২০২২-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট /২০২২ মাসের বাড়ী ভাড়া প্রদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>১/০৯/২০২২- জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>০৪/০৯/২০২২-জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট,২২ মাসের মাষ্টারোল ভিত্তিক বাবদ চেক প্রদান।</td><td>১৭,০৫০/-</td></tr>
<tr><td>৫</td><td>০৪/০৯/২০২২-জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট ,২২ মাসের মাষ্টারোল ভিত্তিক বাবদ চেক প্রদান।</td><td>১৫,৯৫০/-</td></tr>
<tr><td>৬</td><td>৫/০৯/২০২২-মেসার্স কাহারোল ফিলিং ষ্টেশন, রামপুর, কাহারোল, দিনাজপুরকে আগস্ট/২২ জীপ গাড়ীর তেল বাবদ প্রদান।</td><td>২৩০৫৫/-</td></tr>
<tr><td>৭</td><td>৫/০৯/২০২২-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২২ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>৫/০৯/২০২২-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২২ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>১৩/০৯/২০২২-জনাব মোছা: মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে আগস্ট/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১,৯০,০৫৫/-</td></tr>
<tr><td colspan="3">কথায়ঃ এক লক্ষ নব্বই হাজার পঞ্চান্ন টাকা মাত্র</td></tr>
</table>
</td>
<td>১) গত ২৫/০৮/২০২২ হতে ১৪/০৯/২০২২ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট ১,৯০,০৫৫/- টাকা ব্যয় অনুমোদন করা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td>বিবিধ-৪</td>
<td><u>গাড়ী সংরক্ষণের গ্যারেজ নির্মাণঃ</u><br>সভায় উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, সম্প্রতি তার কার্যালয়ের জন্য সরকারি ভাবে ১টি জীপগাড়ি বরাদ্দ পাওয়া গেছে। উক্ত জীপগাড়িটি রাখার জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ১টি গ্যারেজ বরাদ্দ দেয়ার জন্য তিনি বিনীত অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে সহকারী কমিশনার (ভূমি) এর পিকআপ রাখার গ্যারেজের পার্শ্বে ১টি নতুন গ্যারেজ নির্মাণ করা যায়। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্ববর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td>
<td>উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা ভূমি অফিসের জীপগাড়ি রাখার গ্যারেজের পার্শ্বে ১টি গ্যারেজ নির্মাণের লক্ষ্যে পরবর্তী সভায় প্রাক্কলন উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-৫ | <u>বাল্য বিবাহ, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইঃ</u><br>সভাপতি বাল্য বিবাহ নিরোধ আইন, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় জানতে চান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, ইতোমধ্যে কাহারোল উপজেলাকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে এবং বাল্যবিবাহ ও মাদক প্রতিরোধে লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য এ কার্যালয়ের সামনে ১টি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যা দৈনন্দিন মনিটরিং করা হচ্ছে । নিয়মিত গ্রাম আদালতের তথ্য সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইয়ের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে । | বাল্য বিবাহ নিরোধ আইন,গ্রাম-আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল,নিরাপদ খাদ্য আইন- ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল ইউ,পি চেয়ারম্যান ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**কাহারোল, দিনাজপুর।**

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১- ১০০৮-(৫০) তারিখ:২৮ সেপ্টেম্বর, ২০২২খ্রি.।

<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ................................................................................
১৪। অফিস কপি।

(মনিরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd